

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১৪, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ৩১ জ্যৈষ্ঠ ১৪২৩/১৪ জুন ২০১৬

নম্বর-০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.১৩০ – আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মার্কিন সাময়িকী ‘ফোর্বস’ কর্তৃক ০৬ জুন ২০১৬ তারিখে The World’s Most Powerful Women in 2016 শীর্ষক তালিকা প্রকাশ করা হয়েছে। উক্ত তালিকায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান ৩৬তম যা গত বছরে ছিল ৫৯তম। এছাড়া The World’s Most Powerful Women in Politics 2016 শীর্ষক তালিকাও একইসঙ্গে ‘ফোর্বস’ কর্তৃক প্রকাশ করা হয়। উক্ত তালিকায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান ২৬ জনের মধ্যে ১৫তম। উল্লেখ্য, যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক-ভিত্তিক আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সাময়িকী ‘ফরচুন’ কর্তৃক গত ২৪ মার্চ ২০১৬ তারিখে প্রকাশিত World’s Greatest Leaders শীর্ষক বিশ্বের পঞ্চাশ জনের তালিকায় শেখ হাসিনাকে দশম স্থানে অন্তর্ভুক্ত করা হয়।

২। প্রথিতযশা সাময়িকী ‘ফোর্বস’-এ The World’s Most Powerful Women in 2016 শীর্ষক তালিকায় স্থায়ী অবস্থান উন্নত করার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ৩০ জ্যৈষ্ঠ ১৪২৩/১৩ জুন ২০১৬ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(৯৯৫৭)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

৩০ জ্যৈষ্ঠ ১৪২৩

ঢাকা:-----

১৩ জুন ২০১৬

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মার্কিন সাময়িকী ‘ফোর্বস’ কর্তৃক ০৬ জুন ২০১৬ তারিখে The World’s Most Powerful Women in 2016 শীর্ষক তালিকা প্রকাশ করা হয়েছে। ‘ফোর্বস’-এর মতে এ-সকল নারী স্ব স্ব ক্ষেত্রে দেশের জাতীয় আয় কিংবা ব্যবসা-প্রতিষ্ঠানের রাজস্ব বিবেচনায় এক ট্রিলিয়ন মার্কিন ডলারের সম্পদ নিয়ন্ত্রণ এবং বিশ্বের অর্ধেক মানুষকে প্রভাবিত করেন। রাজনীতি, ব্যবসা, অর্থসংস্থান, বিজ্ঞান, প্রযুক্তি ও মানবকল্যাণ খাতে প্রতিনিধিত্বকারী ২৯ দেশের নারীরা আছেন ১০০ জনের এই তালিকায়। উক্ত তালিকায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান ৩৬তম যা গত বছরে ছিল ৫৯তম। এছাড়া The World’s Most Powerful Women in Politics 2016 শীর্ষক তালিকাও একইসঙ্গে ‘ফোর্বস’ কর্তৃক প্রকাশ করা হয়। উক্ত তালিকায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান ২৬ জনের মধ্যে ১৫তম। উল্লেখ্য, যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক-ভিত্তিক আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সাময়িকী ‘ফরচুন’ কর্তৃক গত ২৪ মার্চ ২০১৬ তারিখে প্রকাশিত World’s Greatest Leaders শীর্ষক বিশ্বের পঞ্চাশ জনের তালিকায় শেখ হাসিনাকে দশম স্থানে অন্তর্ভুক্ত করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৯ সাল থেকে বিশ্বের অষ্টম জনবহুল দেশের নেতৃত্ব প্রদান করছেন। তাঁর বলিষ্ঠ নেতৃত্ব, গণতন্ত্র বিকাশে আপসহীন ভূমিকা, সুশাসন প্রতিষ্ঠায় ঐকান্তিক প্রচেষ্টা, বিশ্ব-মন্দাজনিত প্রতিকূলতার মধ্যেও বাংলাদেশের অর্থনীতির অগ্রগতির ধারাকে অব্যাহত রাখা এবং আর্থ-সামাজিক উন্নয়নসহ বিভিন্ন মানব-উন্নয়ন সূচকের উর্ধ্বমুখীতা তাঁকে বিশ্বের দরবারে সুউচ্চ আসনে সমাসীন করেছে।

একের পর এক গুরুত্বপূর্ণ সম্মাননা লাভ আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে ক্রমাগত সুসংহত করে চলেছে। এরই ধারাবাহিকতায় প্রথিতযশা সাময়িকী ‘ফোর্বস’-এ The World’s Most Powerful Women in 2016 শীর্ষক তালিকায় স্বীয় অবস্থান উন্নত করার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd